

106467 - তার পেটে আলসার হয়েছে এবং চিকিৎসকরা তাকে রোযা না রাখার পরামর্শ দিয়েছেন

প্রশ্ন

জনৈক ব্যক্তি আট বছর ধরে পেটের আলসারে আক্রান্ত। এখনও তার চিকিৎসা চলমান। রোগ বেড়ে যাওয়ার আশংকা থেকে ডাক্তাররা তাকে রোযা না রাখার পরামর্শ দিয়েছেন। এমতাবস্থায় রোযা না-রাখা কি তার জন্য জায়েয হবে?

প্রিয় উত্তর

সে ব্যক্তি রোযা না-রাখতে পারেন। যদি তার সুস্থ হওয়ার আশা থাকে; তাহলে তিনি সুস্থ হওয়ার পর রোযাগুলোর কাযা পালন করা তার উপর আবশ্যিক হবে। আর যদি এর বিপরীত হয় এবং ঐ রোগ থেকে সুস্থ হওয়ার সম্ভাবনা না থাকে তাহলে সে ব্যক্তি রমযানের প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাদ্য খাওয়াবেন।[সমাপ্ত]

[ফাতাওয়াস শাইখ মুহাম্মাদ বিন ইব্রাহিম (রহঃ) (৪/১৮০)]